যুগান্তর

3 APR 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

# শিক্ষক নিয়োগে তৃতীয় বিভাগ জটিলতার অবসান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষক নিয়োগে তৃতীয় বিভাগ সংক্রান্ত জটিলতার অবশেষে অবসান হয়েছে। এখন থেকে তৃতীয় বিভাগধারীদের শিক্ষক হিসেবে নিয়োগ লাভে কোন প্রতিবন্ধকতা নেই। গত সরকারের সঙ্গে শিক্ষক সমিতির একটি অংশের চুক্তি মোতাবেক শিক্ষাজীবনে তৃতীয় বিভাগপ্রাপ্ত কেউই শিক্ষক হিসেবে নিয়োগ পাবে না বলে বিধি প্রণীত হয়েছিল। সম্প্রতি বাংলাদেশ শিক্ষক সমিতি নেতৃবৃন্দের সঙ্গে সরকারের এক বৈঠকে ওই চুক্তির ৯ নম্বর ধারা বাতিল ঘোষণা করা হয়েছে। বৈঠকে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক ও শিক্ষা উপমন্ত্রী অ্যাডভোকেট আবদুস সালাম পিন্টু উপস্থিত ছিলেন। অপরদিকে অধ্যাপক শরীফুল ইসলাম ও সেলিম ভূঁইয়াসহ সমিতির ৩১ জন নেতা উপস্থিত ছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে বৈঠক অনুষ্ঠিত হয়। সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

**হাইকোর্টের রুল জারি**

এদিকে আদালত অবমাননার অভিযোগে দায়েরকৃত পৃথক দুটি মামলার পরিপ্রেক্ষিতে সোমবার হাইকোর্ট শেখ বোরহানুদ্দীন কলেজ গভর্নিং বডির চেয়ারম্যান ও মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম সচিব সৈয়দ শাহ আলমের প্রতি রুল ইস্যু করেছেন। কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ও পরিচালনা পরিষদ সদস্য অধ্যক্ষ জাহানারা বেগম দুটি মামলা দায়ের করেছিলেন। কিন্তু আদালতের নিষেধাজ্ঞা ও স্থগিতাদেশ সত্ত্বেও অধ্যক্ষ ফারুক আহমেদকে বরখাস্ত এবং অধ্যক্ষ জাহানারা বেগমকে দায়িত্ব পালন করতে দেয়া হয়নি।